

সর্বভারতীয় সমন্বিত গোখাদ্য গবেষণা প্রকল্প



DEENANATH
GRASS



বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়
কল্যাণী কেন্দ্র

দ্বিবর্ষীয় ঘাস (পেরিসেটাম পেরিসিলেটাম ট্রিন)

ডাইরেক্টরেট অফ রিসার্চ
কল্যাণী, নদীয়া-৭৪১২৩৫
ফোন - ০৩৩-২৫৮২ ৮৪০৭

সর্বভারতীয় গোখাদ্য গবেষণা প্রকল্প, কল্যাণী কেন্দ্র থেকে
অধ্যাপক ডঃ মিনীপ কুমার দে এবং ডঃ চম্পক কুমার কুন্ডু কর্তৃক
প্রকাশিত এবং দিশা কম্পিউটারস, কল্যাণী, দুরাতাব ০৩৩-
২৫০২-২৭২৩ কর্তৃক মুদ্রিত।

যোগাযোগ : অফিসার-ইন-চার্জ, সর্বভারতীয় সমন্বিত গোখাদ্য
গবেষণা প্রকল্প, বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, ডাইরেক্টরেট অফ
রিসার্চ, কল্যাণী-৭৪১২৩৫, নদীয়া।

দ্বিবর্ষীয় ঘাস (পেরিসেটাম পেরিসিলেটাম ট্রিন)

জমি ও মাটি :

এই ঘাসটির শুকনো এবং ভিজ়ে দুধরনের
মাটিতেই জন্মানোর ক্ষমতা বর্তমান। যদিও এটি
বর্ষাকালেও যথেষ্ট ভালোভাবে জন্মায় এবং
উচ্চবৃষ্টিপাতযুক্ত (২০০০-৩০০০ মিমি.) অঞ্চলে এটি
প্রচুর সবুজ গোখাদ্য উৎপাদন করে। এটি হালকা দেয়াল
এবং ভারী কাদমাটি উভয়েই ভালোভাবে জন্মায়।
বীজবপনের উপযোগী জমি প্রস্তুতির জন্য তিন থেকে
চারটি লাঙল দেবার প্রয়োজন হয়।

বীজের হার এবং বপন :

বীজ বপনের আদর্শ সময় হল জুন মাসের শেষ
থেকে জুলাইয়ের প্রথম সপ্তাহ। জুলাইয়ের প্রথম সপ্তাহের
পর বপন করলে ফলন কমেতে আরম্ভ করে। এটি
শীতকালে ভালো জন্মায় না। ভালোভাবে ছড়ানোর জন্য
বীজগুলিকে মাটির সাথে মিশিয়ে নিতে হয়। বীজ বপনের
পরপরই জমিতে মই দিয়ে বীজগুলিকে ঢেকে দিতে হয়।
মাটির অবস্থার উপর নির্ভর করে ৩.০-৪.৫ কেজি বীজ
প্রতি হেক্টর বীজ ছড়ানো হয়। যদিও সারিতে বোনার জন্য
দ্বিগুন বীজের প্রয়োজন।

সার প্রয়োগ :

মূলসার হিসাবে ৪-৫টন FYM এবং ১টন
ভার্মিককম্পোস্ট প্রয়োগ উপকারী। ৯০কেজি
নাইট্রোজেন, ৩০কেজি ফসফেট এবং ২০ কেজি
পটাশিয়াম সাধারণভাবে প্রয়োগের কথা বলা হয়। চাপান
সার হিসাবে ৪০-৫০ দিন পর ৩০কেজি নাইট্রোজেন
প্রয়োগের প্রয়োজন। ১০০কেজি হারে নাইট্রোজেন ও
ফসফেট প্রয়োগের ফলে-সবুজ গোখাদ্য ফলন বৃদ্ধি পায়।
২০০কেজি পর্যন্ত নাইট্রোজেন ও ৩০কেজি পর্যন্ত
ফসফেট প্রয়োগের ফলে ক্রুড প্রোটিনের ফলন বাড়ে।
১০০কেজি পর্যন্ত নাইট্রোজেন ও ৩০ কেজি পর্যন্ত
ফসফেট প্রয়োগের ফলে ক্রুড অ্যাশের পরিমাণ বাড়ে।
আম্লিক জমিতে চুন প্রয়োগের প্রয়োজন।

সেচ প্রয়োগ :

বৃষ্টির শুরুতে বীজ বুনলে জলাসেচের প্রয়োজন
হয় না। যদি বৃষ্টি শুরুর আগেই বীজ বপন হয়, তবে বৃষ্টি
শুরু পর্যন্ত ১০-১৫দিন অন্তর জলাসেচের প্রয়োজন।

আগাছা দমন :

ফলন জমিতে স্থাপিত হয়ে গেলে এবং জমি
ভালোভাবে চষা থাকলে আগাছা দমনের প্রয়োজন হয় না।